গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭/২০১৯-২০২০
ঢাকা, ২১ জুলাই রোববার ২০১৯, ৬ শ্রাবণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। লন্ডনে দূত সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী
২। প্রিয়া সাহার অভিযোগ ডাহা মিথ্যা : পররাষ্ট্র মন্ত্রণালয়
৩। প্রিয়া সাহার বক্তব্য দেশদ্রোহিতার শামিল : সেতুমন্ত্রী
৪। দেশে ফিরলে প্রিয়াকে জিজ্ঞাসাবাদ করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ : ডিএমপি কমিশনার
৫। আগামী নির্বাচনের আগে দারিদ্র্যের হার ১০ শতাংশে নামবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৬। নারী উদ্যোক্তারা প্লট পাবেন সব শিল্পনগরীতে : নারী উদ্যোক্তাদের সম্মাননা অনুষ্ঠানে শিল্পমন্ত্রী
৭। পাহাড়-টিলা ধ্বংসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সিলেটে পরিবেশমন্ত্রী
৮। মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত হবে আগস্টেই : প্রবাসী কল্যাণমন্ত্রী
৯। নদী রক্ষায় পর্যায়ক্রমে সব অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে : হবিগঞ্জে পানিসম্পদ প্রতিমন্ত্রী
১০। রোহিঙ্গাদের কাছে নির্যাতনের বর্ণনা শুনলেন আইসিসি'র প্রতিনিধিরা
১১। পদ্মাসেতু নিয়ে গুজব ও ছেলেধরা সন্দেহে গণপিটুনি
আইন হাতে তুলে নেবেন না-পুলিশ সদরদপ্তর
১২। পেনশনারদের সঞ্চয়পত্রে উৎসে কর ছাড় ৫ লাখ টাকা পর্যন্ত ৫ শতাংশই

চলমান পাতা-২

**১। লন্ডনে দূত সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী**

লন্ডনে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২০ জুলাই শনিবার) ইউরোপে অবস্থানরত বাংলাদেশের দূতদের সম্মেলনে অংশ নেন। স্থানীয় সময় বিকেল ৪টায় লন্ডনের তাজ হোটেলে এ সম্মেলন শুরু হয়। সম্মেলনে ইউরোপের বিভিন্ন দেশে দায়িত্ব পালনকারী বাংলাদেশের ১৫ জন রাষ্ট্রদূত, হাইকমিশনার ও স্থায়ী প্রতিনিধি যোগ দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **বণিক বার্তা** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**২। প্রিয়া সাহার অভিযোগ ডাহা মিথ্যা : পররাষ্ট্র মন্ত্রণালয়**

বাংলাদেশে সংখ্যালঘুরা নির্যাতিত হচ্ছে বলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশি নাগরিক প্রিয়া সাহা যে অভিযোগ করেছেন তা 'ডাহা মিথ্যা' বলে মন্তব্য করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল (২০ জুলাই শনিবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে প্রিয়া সাহার ভিত্তিহীন মিথ্যা অভিযোগের কঠোর প্রতিবাদ এবং তার বক্তব্যের তীব্র নিন্দা জানাচ্ছে বাংলাদেশ সরকার। প্রিয়া সাহার এ চরম মিথ্যাচার এবং সাজানো গল্পের পেছনে অশুভ উদ্দেশ্য রয়েছে। তার এ বক্তব্যের লক্ষ্য ছিল বাংলাদেশকে কলঙ্কিত করা। এদিকে যুক্তরাষ্ট্র সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বিশেষ মতলবে প্রিয়া সাহা উদ্ভট অভিযোগ করেছেন। গত ১৯ জুলাই শুক্রবার হার্ভার্ড ইউনিভার্সিটিতে রোহিঙ্গা সংকট নিয়ে এক অনুষ্ঠানে যোগ দিয়ে লন্ডন রওয়ানা হওয়ার আগে এক প্রশ্নের জবাবে তিনি গণমাধ্যমকে বলেন, প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে প্রিয়া সাহার করা অভিযোগ একেবারেই মিথ্যা। আমি এমন আচরণের নিন্দা এবং প্রতিবাদ জানাচ্ছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**৩। প্রিয়া সাহার বক্তব্য দেশদ্রোহিতার শামিল : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এনজিও কর্মী প্রিয়া সাহার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের কাছে করা অভিযোগ দেশের ভেতরে লুকায়িত সাম্প্রদায়িক গোষ্ঠীকে উৎসাহিত করবে। তার এ ধরনের বক্তব্য দেশদ্রোহিতার শামিল। রাজধানীতে ধানমণ্ডির আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে দলের আগস্টের কর্মসূচি নির্ধারণে গতকাল (২০ জুলাই শনিবার) অনুষ্ঠিত এক যৌথ সভা শেষে আয়োজিত এক সংবাদসম্মেলনে ওবায়দুল কাদের এ কথা বলেন। তিনি আরো বলেন, প্রিয়া সাহার বক্তব্য সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, কাল্পনিক ও উদ্দেশ্যপ্রণোদিত। আমরা তার এ ধরনের বক্তব্যের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাই। এ সময় প্রিয়া সাহার বিরুদ্ধে কোনো ধরনের ব্যবস্থা নেয়া হবে কিনা জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন, তার (প্রিয়া সাহা) এ ধরনের দেশদ্রোহী বক্তব্যের বিরুদ্ধে ব্যবস্থা নিতেই হবে। তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। তিনি আরো বলেন, আমি এ বিষয়ে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গেও কথা বলেছি। তিনিও বলেছেন, প্রিয়া সাহার বক্তব্য সম্পূর্ণ অসত্য ও কাল্পনিক। বাংলাদেশে সর্বোচ্চ সাম্প্রদায়িক সম্প্রীতি বিরাজমান। তাই এ নিয়ে দ্বিধা-দ্বন্দ্বের আর কোনো অবকাশ থাকতে পারে না। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১২,ক.৬)।

**৪। দেশে ফিরলে প্রিয়াকে জিজ্ঞাসাবাদ করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

**আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ : ডিএমপি কমিশনার**

বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘু নির্যাতনের অভিযোগ কোন উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের কাছে তুলেছেন, দেশে ফিরলে সে বিষয়ে প্রিয়া সাহাকে জিজ্ঞাসাবাদ করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেছেন, এ ধরনের খবর দেয়ার পেছনে তার নিশ্চয়ই কোনো কারণ ও উদ্দেশ্য রয়েছে। দেশে ফিরলে নিশ্চয়ই আমরা তাকে জিজ্ঞাসা করব। ওয়াশিংটনে গিয়ে তোলা প্রিয়া সাহার অভিযোগ নিয়ে ব্যাপক আলোচনার মধ্যে গতকাল (২০ জুলাই শনিবার) ঢাকায় নিজের বাড়িতে সাংবাদিকদের প্রশ্নে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, প্রিয়া সাহাকে আইনি প্রক্রিয়ায় আনতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে। তিনি জানান, প্রিয়া সাহা মার্কিন প্রেসিডেন্টের কাছে সংখ্যালঘু নির্যাতন নিয়ে যে অভিযোগ করেছেন, তা সম্পূর্ণ বানোয়াট, ভিত্তিহীন এবং অমূলক। তার বক্তব্য দেশবিরোধী। এটি আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ। গতকাল ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত সহিংস উগ্রবাদবিরোধী বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডিএমপি কমিশনার এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**৫। আগামী নির্বাচনের আগে দারিদ্র্যের হার ১০ শতাংশে নামবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, আওয়ামী লীগের নেতৃত্বে ২০০৯ সালে যখন সরকার গঠন করা হয়, তখন দেশে দারিদ্র্যের হার ছিল ৪১ শতাংশ। বর্তমানে তা কমে ২০ শতাংশে নেমে এসেছে। বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা দিয়েছিলেন। আগামী সংসদ নির্বাচনের আগে দেশে দরিদ্র মানুষের হার ১০ শতাংশে নেমে আসবে। ক্রমেই দেশ দারিদ্র্যমুক্ত হবে। গতকাল (২০ জুলাই শনিবার) চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ এজ** (পৃ.৪,ক.৬)।

**৬। নারী উদ্যোক্তারা প্লট পাবেন সব শিল্পনগরীতে : নারী উদ্যোক্তাদের সম্মাননা অনুষ্ঠানে শিল্পমন্ত্রী**

দেশের সব জেলা ও উপজেলায় ক্ষুদ্র মাঝারি নারী উদ্যোক্তাদের সহায়তা দিতে বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ দেওয়ার পরিকল্পনার কথা জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। গতকাল (২০ জুলাই শনিবার) কাকরাইলে আইডিইবি ভবনে নারী উদ্যোক্তাদের এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এছাড়া প্রতিটি মার্কেটে নারী উদ্যোক্তাদের জন্য আলাদা কোটা রাখা হবে। নারী উদ্যোক্তা উন্নয়ন ও এক্ষেত্রে কাজ করার স্বীকৃতি হিসেবে বিডব্লিউসিসিআই প্রগ্রেসিভ অ্যাওয়ার্ড প্রদান উপলক্ষ্যে ঐ অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ উইমেন চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**৭। পাহাড়-টিলা ধ্বংসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা : সিলেটে পরিবেশমন্ত্রী**

পরিবেশের ভারসাম্য রক্ষায় সবাইকে আরও মনোযোগী হতে হবে বলে মন্তব্য করেছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শাহাব উদ্দিন। তিনি বলেছেন, ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের ও ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত দেশে পরিণত হতে চাই। শুধু গাছ লাগালেই চলবে না, পরিবেশের ভারসাম্য রক্ষায় কাজ করতে হবে। সেইসঙ্গে যারা পাহাড়-টিলা কাটছে, নদী ও খাল-বিল ভরাট করে পরিবেশের ক্ষতি করছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২০ জুলাই শনিবার) সিলেট নগরীর আলিয়া মাদ্রাসা মাঠে বৃক্ষরোপণ অভিযান ও বিভাগীয় বৃক্ষমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.৩), **নিউ এজ** (পৃ.৪,ক.৬)।

**৮। মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত হবে আগস্টেই : প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ বলেছেন, আগামী আগস্ট মাসেই মালয়েশিয়ায় শ্রমবাজার পুরো উন্মুক্ত হয়ে যাবে। যারা অবৈধভাবে আছে তাদের ১ আগস্ট থেকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে দেশটি। তিনি আরও বলেন, বৈধ পথে গেলে যত সাহায্য প্রয়োজন, তা করা হবে। গতকাল (২০ জুলাই শনিবার) গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.৬)।

**৯। নদী রক্ষায় পর্যায়ক্রমে সব অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে : হবিগঞ্জে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

পর্যায়ক্রমে সব অবৈধ দখলদারদের উচ্ছেদ করা হবে। ঝুঁকিপূর্ণ নদীর বাঁধে গাইড ওয়াল দেওয়া হবে। নদীগুলো রক্ষা করার জন্য প্রকল্প তৈরি করা হয়েছে। দ্রুত তা বাস্তবায়নের জন্য কাজ চলছে। এসব কথা বলেছেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। গতকাল (২০ জুলাই শনিবার) তিনি হবিগঞ্জের নতুন ও পুরাতন খোয়াই নদী প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, শহর রক্ষার জন্য নতুন খোয়াই নদীতেও বন্যা নিয়ন্ত্রণ বাঁধ দেওয়া হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৪), **বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

**১০। রোহিঙ্গাদের কাছে নির্যাতনের বর্ণনা শুনলেন আইসিসি'র প্রতিনিধিরা**

কক্সবাজার ও বান্দরবানের দুটি রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রতিনিধিরা। গতকাল (২০ জুলাই শনিবার) প্রতিনিধিদলের ছয় সদস্য কক্সবাজারের উখিয়ার কুতুপালং এবং বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু কোনারপাড়ার শূন্য রেখায় অবস্থিত রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। এ সময় রোহিঙ্গারা মিয়ানমারের রাখাইন রাজ্যে তাদের ওপর সংঘটিত গণহত্যা-নির্যাতনের ব্যাপারে আইসিসি'র প্রতিনিধিদের অবহিত করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**১১। পদ্মাসেতু নিয়ে গুজব ও ছেলেধরা সন্দেহে গণপিটুনি**
**আইন হাতে তুলে নেবেন না-পুলিশ সদরদপ্তর**

পদ্মাসেতু নির্মাণ নিয়ে গুজবকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে সম্প্রতি ছেলেধরা সন্দেহে গণপিটুনির ঘটনা ঘটছে। এর মধ্যে কয়েকটি ঘটনায় কয়েকজন মারাও গেছেন। এ ধরনের গুজব শুনে আইন নিজের হাতে তুলে না নিতে সাধারণ জনগণের প্রতি অনুরোধ জানিয়েছে পুলিশ সদরদপ্তর। পাশাপাশি সাম্প্রতিককালে ছেলেধরা সন্দেহে সংঘটিত গণপিটুনির ঘটনাগুলোও বিশেষভাবে তদন্ত করে দেখছে পুলিশ। পুলিশ সদরদপ্তর থেকে গতকাল (২০ জুলাই শনিবার) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। পুলিশ সদরদপ্তরের সহকারী মহাপরিদর্শক (মিডিয়া অ্যান্ড পিআর) মো. সোহেল রানা স্বাক্ষরিত ঐ সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গুজব ছড়িয়ে দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরি করা রাষ্ট্রবিরোধী কাজের শামিল এবং গণপিটুনি দিয়ে মৃত্যু ঘটানো ফৌজদারি অপরাধ। পুলিশ প্রতিটি ঘটনা আমলে নিয়ে তদন্তে নেমেছে। এসব ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনা হচ্ছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**১২। পেনশনারদের সঞ্চয়পত্রে উৎসে কর ছাড় ৫ লাখ টাকা পর্যন্ত ৫ শতাংশই**

অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঞ্চয়পত্রের মুনাফা থেকে উৎসে কর কাটার ক্ষেত্রে ছাড় দিয়েছে সরকার। সঞ্চয়পত্রের মুনাফায় উৎসে কর ১০ শতাংশ ধার্য করলেও পেনশনার সঞ্চয়পত্রের মুনাফায় পাঁচ লাখ টাকা পর্যন্ত আগের মতোই কর হার থাকছে। অর্থাৎ ৫ শতাংশ হারেই উৎসে কর কাটা হবে। বাংলাদেশ ব্যাংক গত ১৮ জুলাই বৃহস্পতিবার সব ব্যাংকের প্রধান নির্বাহীদের এ সংক্রান্ত একটি সার্কুলার পাঠিয়েছে। এতে ৫ লাখ টাকার বেশি হলে ১০ শতাংশ হারেই কর কাটতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** চলতি মৌসুমে রাজধানীতে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে আট হাজার ছয়শ'র বেশি রোগী এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সতর্কতা ও দায়িত্বশীলতার সঙ্গে ডেঙ্গু প্রতিরোধের ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** পটুয়াখালী জেলায় ১ হাজার ২২৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের মধ্যে ৩৯৮টি ঝুঁকিপূর্ণ উল্লেখ করে দ্রুত এগুলো সংস্কারের সুপারিশ।

গ. **যায়যায়দিন :** গণপরিবহণে নৈরাজ্য চলছেই উল্লেখ করে পরিবহণখাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে সরকারকে কঠোর ভূমিকা নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** দেশে চলমান বন্যায় এরই মধ্যে অন্তত ২৮ জেলার মানুষ পানিবন্দি হয়ে মানবেতর জীবনযাপন করছে উল্লেখ করে বানভাসি মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান।

ঙ. **সংবাদ :** অল্প বৃষ্টিতেই রাজধানীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতা দেখা দিচ্ছে উল্লেখ করে এ অবস্থা থেকে নগরিকদের স্বস্তি দিতে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** খাদ্যে ভেজাল রোধে সংশ্লিষ্টদের কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খেলাধুলা নিছক মনোরঞ্জনের বিষয় নয়, খেলাধুলার মাধ্যমে শিশু অবস্থা থেকেই গড়ে উঠে ভ্রাতৃত্ববোধ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **আমাদের নৌবাহিনীর অগ্রযাত্রা** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, কেবল সমুদ্র বাণিজ্য রক্ষায় নয়, বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টার ফলে বাংলাদেশ নৌবাহিনী এখন অনেক বেশি কার্যকর, শক্তিশালী এবং গতিশীল বাহিনী।

#

ফাহিমা/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা